সংবাদ

তারিখ 09 DEC 2006
পৃষ্ঠা ১৩ কলাম ২

শিক্ষক-কর্মচারী ফ্রন্টের ৮ দফা

# শিক্ষাভবন ঘেরাও ১৯ ডিসেম্বর

নিজস্ব বার্তা পরিবেশক

জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্টের নেতারা আগামী ১১ ডিসেম্বরের মধ্যে প্রধান উপদেষ্টা প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদকে শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্ব ছেড়ে দেয়ার আলটিমেটাম দিয়েছে। একই সঙ্গে তাদের ১০ শতাংশ দেয়ার ক্ষেত্রে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের অর্থ জমাদান সংক্রান্ত গত ৩১ অক্টোবরের শর্তযুক্ত প্রজ্ঞাপন বাতিল, ৮ দফা দাবি আদায়ের লক্ষ্যে ১৯ ডিসেম্বর শিক্ষাভবন ঘেরাও করবে সংগঠন।

গত বৃহস্পতিবার জাতীয় প্রেসক্লাবের মিলনায়তনে আয়োজিত সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য রাখেন অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ। এ সময় উপস্থিত ছিলেন জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্টের আহ্বায়ক মোহাম্মদ আজিজুল ইসলাম, অধ্যক্ষ মো. শাহজাহান, অধ্যাপক আসাদুল হক, অধ্যক্ষ মো. আবদুর রশিদ, অধ্যক্ষ এমএ সাত্তার, যুগ্ম আহ্বায়ক এসএমএ জলিল, অধ্যক্ষ মোহাম্মদ আলী চৌধুরী মানিক, বিলকিস জামান, মাহাবুব আলম তালুকদার, আফজাল হোসেন, আবদুল মান্নান, এম আরজু প্রমুখ।

জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্টের অন্যান্য কর্মসূচির মধ্যে রয়েছে, ১২ ডিসেম্বর জেলা সদরে কালো পতাকা নিয়ে মানববন্ধন ও ১৪ ডিসেম্বর '৭১-এর ঘাতক দালালদের হাতে নির্মমভাবে নিহত দেশের বরেণ্য শিক্ষাবিদ ও সংস্কৃতিসেবীদের স্মরণে শহীদ বুদ্ধিজীবী দিবস পালন।

সংবাদ সম্মেলনে ফ্রন্টের নেতারা লিখিতভাবে শিক্ষক-কর্মচারী নির্যাতক জোট সরকারের দলীয় এমপিদের নামের তালিকা প্রকাশ করেন। ওই তালিকায় সাবেক শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক, সাবেক শিক্ষা প্রতিমন্ত্রী এহছানুল হক মিলন, সাবেক ভূমি উপমন্ত্রী আসাদুল হাবিব দুলু, সাবেক শিক্ষা সচিব শহীদুল আলম, সাবেক মাউশি মহাপরিচালক এম জনায়েত, সাবেক পরিচালক ... রহমান, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি ওয়াকিল আহম্মেদ, মাউশি বর্তমান মহাপরিচালক দিলারা হাফিজ, কারগরি শিক্ষাবোর্ডের বর্তমান চেয়ারম্যান ড. মো. ইদ্রিস আলী, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. এরশাদুল বারী, নিরীক্ষা অধিদপ্তরের সাবেক পরিচালক ড. খন্দকার আবদুল হান্নান, এনসিটিবি'র চেয়ারম্যান ড. গাজী আহসানুল কবির, বিএনপিদলীয় সাবেক এমপি সালাউদ্দিন আহম্মেদ, এসএ খালেক, নাসিরউদ্দিন পিন্টু, খন্দকার মাহাবুব উদ্দিন আহম্মেদ, অধ্যাপক শহীদুল ইসলাম, ব্যারিস্টার শাহজাহান ওমর, শহীদুল আলম তালুকদার, মতিউর রহমান তালুকদার, মঞ্জুরুল আহসান মুন্সী, নাদিম মোস্তফা, মিজানুর রহমান মিনু, হেলালুজ্জামান তালুকদার লালু, সফি আহম্মেদ চৌধুরী, শামসুল আলম পরামাণিক, আবদুল গফুর ভূঁইয়া, রুহুল কুদ্দুস তালুকদার দুলু ও এমএ হান্নান।